

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.২০.০০২.২৫.৩০৭

তারিখ : ২২-১০-২০২৫ খ্রি.

বিষয় : শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১৩.২৫.২২৩, তারিখ : ২২-১০-২০২৫ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলায় গাড়াগ্রাম ও চাঁদখানা ২টি ইউনিয়নের ০৭টি ওয়ার্ডে আকস্মিক টর্নেডোর আঘাতে ক্ষতিগ্রস্তদের মাঝে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য নিম্নের ছকে উল্লিখিত পরিমাণ শুকনা ও অন্যান্য খাবার জেলা প্রশাসক, নীলফামারী-এর অনুকূলে নিয়োক্ত শর্ত মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

ক্র.নং	জেলার নাম	শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমাণ (প্যাকেট/বস্তা)
১.	নীলফামারী	২,৫০০ (দুই হাজার পাঁচশত)

শর্তাবলীঃ

- (ক) শুকনা ও অন্যান্য খাবার শুধুমাত্র আপদকালীন সময়ে ক্ষতিগ্রস্ত পরিবারদের মাঝে বিতরণ করতে হবে;
 - (খ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ অনুসরণপূর্বক এ বরাদ্দ বিতরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করতে হবে; এবং
 - (গ) প্রতি মাসে ব্যয় বিবরণী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
 - (ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০১.০৮.২০২২ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.০৬.০৩৬.২১.৯০৬ স্মারকের আলোকে শুকনা ও অন্যান্য খাবারসহ সব ধরনের ত্রাণ সামগ্রী বিতরণের সময় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নাম সম্বলিত ব্যানার প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- ০২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


জেলা প্রশাসক
নীলফামারী।


22.10.25
(মোহাম্মদ জাহাঙ্গীর আলী খান)
(উপসচিব)
উপপরিচালক (ত্রাণ-২)
ফোন : ০২২২২২৬০৩৬০
e-mail : director.relief@gmail.com
তারিখ : ২২-১০-২০২৫ খ্রি.

স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.২০.০০২.২৫.৩০৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ২। উপদেষ্টার একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (তাকে বরাদ্দ পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নীলফামারী।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা (তাকে নীলফামারী জেলার বরাদ্দকৃত শুকনা ও অন্যান্য খাবার গাইবান্ধা জেলা ত্রাণ গুদামের মজুদ হতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়োজিত পরিবহণ ঠিকাদারের মাধ্যমে সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরি সাড়াদান কেন্দ্র, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৮। মেসার্স সাম সিডিকিট (প্রাঃ) লিঃ, ৪৯ নয়া পল্টন, ঢাকা-১০০০ (তাকে সংশ্লিষ্ট জেলার বরাদ্দকৃত শুকনা ও অন্যান্য খাবার গাইবান্ধা জেলা ত্রাণ গুদাম হতে সংশ্লিষ্ট জেলায় জরুরি ভিত্তিতে পরিবহণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৯। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


22.10.25
(মোহাম্মদ জাহাঙ্গীর আলী খান)
(উপসচিব)
উপপরিচালক (ত্রাণ-২)